গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম
doict.kurigramsadar.kurigram.gov.bd

# উপজেলা আইসিটি কমিটির মার্চ-২০২৪ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি: মো: মুসফিকুল আলম হালিম, উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
সভার তারিখ: ২১ মার্চ, ২০২৪ খ্রি. ।
সভার সময়: বিকাল ৩.১০ ঘটিকা
সভার স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
সভায় উপস্থিতি: পরিশিষ্ট-ক।

অত্র উপজেলায় আইসিটি ভিত্তিক গৃহীত বিভিন্ন কার্যক্রম ও করণীয় সম্পর্কিত আইসিটি কমিটির সভার সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এ উপজেলায় স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন, ওয়েবপোর্টাল হালনাগাতকরণ ও ই-ফাইলিং বিষয়ে বিভিন্ন তথ্য তুলে ধরেন। সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে প্রত্যেক মাসের উপজেলা মাসিক সমন্বয় সভার তারিখে আইসিটি কমিটির সভা আয়োজনের সদয় সম্মতি জ্ঞাপন করেন। অতঃপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **ওয়েব পোর্টালঃ** উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলার কিছু দপ্তরের ওয়েব পোর্টার আপডেট করা হয়নি। তিনি সকল দপ্তর প্রধানকে নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ আপলোড করার জন্য অনুরোধ জানান। এছাড়াও সহকারী প্রোগ্রামার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম সকল ইউনিয়ন ওয়েব পোর্টাল সমূহ আপডেট করার জন্য সকল ইউপি সচিব/হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরগণকে অনুরোধ জানান। | কুড়িগ্রাম সদর উপজেলার সকল দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ আপলোড করার জন্য অনুরোধ জানানো হয়। | সকল দপ্তর প্রধান।<br>ও<br>সকল ইউপি চেয়ারম্যান। |
| ০২ | **ই-মেইল ব্যবহার সংক্রান্তঃ** উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সরকারি সকল চিঠিপত্র ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে। তিনি নিয়মিত ই-মেইল চেক করার জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ জানান। | সরকারি সকল চিঠিপত্র ই-মেইলের মাধ্যমে প্রেরণসহ নিয়মিত ই-মেইল চেক করার জন্য উপজেলার সকল দপ্তর প্রধানকে অনুরোধ জানানো হয়। | সকল দপ্তর। |
| ০৩ | **ই-ফাইলিং সংক্রান্তঃ** উপজেলা পর্যায়ে যে সকল অফিস ই-নথি কার্যক্রমের সাথে সংযুক্ত রয়েছে সে সকল অফিস প্রধানকে নথি সিস্টেমের মাধ্যমে কাজ করার অনুরোধ করা হয়। | ই-নথি কার্যক্রমের সাথে সংযুক্ত অফিস প্রধানকে নথি সিস্টেমের মাধ্যমে কাজ করার অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট অফিস। |
| ০৪ | **কম্পিউটার ল্যাব পরিদর্শনঃ** সহকারী প্রোগ্রামার জানান যে, কুড়িগ্রাম সদর উপজেলায় মোট ১২ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। ল্যাবের ব্যবহার বৃদ্ধি ও বিভিন্ন রেজিস্টার সংরক্ষণ ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা মনিটরিং এর নিমিত্ত প্রত্যেক মাসে ৪টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করার নির্দেশনা রয়েছে। এছাড়াও আইসিটি কমিটির সদস্যবৃন্দকে ও শেখ রাসেল ডিজিটাল ল্যাব সমূহ পরিদর্শন করতে পারবেন। | প্রত্যেক মাসে নিয়মিত ল্যাব পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন প্রদান করার জন্য সহকারী প্রোগ্রামার কে অনুরোধ করা হয়। এছাড়াও আইসিটি কমিটির সদস্যবৃন্দকে ও ল্যাব পরিদর্শনের অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার<br>ও<br>আইসিটি কমিটির সদস্যবৃন্দ। |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **জনসেবায় ফেসবুক ব্যবহার সংক্রান্ত:** উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, সরকার সর্বক্ষেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিতের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। উপজেলার প্রতিটি দপ্তর হতে বিভিন্ন ধরণের সেবা প্রদান করা হয়। তিনি উক্ত সেবাসমূহ ফেসবুকে প্রচারের মাধ্যমে জনগণকে অবহিত করার জন্য সকল দপ্তর প্রধান'কে অনুরোধ জানান। | সরকারি সেবাসমূহ ফেসবুকে প্রচারের মাধ্যমে জনগণকে অবহিত করার জন্য সকল দপ্তর প্রধান'কে অনুরোধ জানানো হয়। | সকল দপ্তর প্রধান। |
| ০৬ | **হারপাওয়ার প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম:** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "হার পাওয়ার প্রকল্প" প্রযুক্তির সহায়তায় ক্ষমতায়ন প্রকল্পের মাধ্যমে কুড়িগ্রাম সদর উপজেলায় মহিলা ই-কমার্স প্রফেশনাল কোর্সে ৬ মাসব্যাপী প্রশিক্ষণ চলমান। প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত নিয়মিত পরিদর্শন করতে হবে। | হার পাওওয়ার প্রকল্পের মাধ্যমে পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম প্রত্যেক মাসে নিয়মিত পরিদর্শন করতে হবে। | প্রশিক্ষণার্থী বাছাই ও প্রশিক্ষণ মনিটরিং কমিটির সদস্যবৃন্দ। |
| ০৭ | পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণ কার্যক্রম: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন " শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন" শীর্ষক প্রকল্পের মাধ্যমে স্থাপিত" শেখ রাসেল স্কুল অব ফিউচার" প্রাপ্ত শিক্ষাপ্রতিষ্টানের ছাত্র-ছাত্রীদের ১৫ দিন ব্যাপী পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণ চলমান। প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত নিয়মিত পরিদর্শন করতে হবে। | পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত নিয়মিত পরিদর্শন করতে হবে। | সহকারী প্রোগ্রামার কুড়িগ্রাম সদর কুড়িগ্রাম। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সরকারের পরিকল্পনা মোতাবেক আইসিটি'র সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার আহ্বান জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৮/০৩/২০২৪

মো: মুসফিকুল আলম হালিম
উপজেলা নির্বাহী অফিসার
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম
মোবাইল নম্বর: ০১৭০৯৯৭৪৫০১
ই-মেইলঃ unokurigram@mopa.gov.bd

স্মারক- ৫৬.০৪.৪৯৫২.০০০.০৬.০০১.১৯.২৭

তারিখঃ ১০ চৈত্র ১৪৩০ / ২৪ মার্চ ২০২৪

বিতরণ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা;
০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম;
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম;
০৪। -------------------- সদস্য(সকল), উপজেলা আইসিটি কমিটি, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

২৮/০৩/২৪
সহকারী প্রোগ্রামার
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।